দৈনিক ইত্তেফাক

তারিখ 1 JUL 20…
পৃঃ ২০ কঃ ৩

# আবার জটিলতায় বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক নিয়োগ প্রক্রিয়া

রেজানুর রহমান ৷ শিক্ষা মন্ত্রণালয় ও শিক্ষা অধিদপ্তর থেকে সুস্পষ্ট নির্দেশ না থাকায় বেসরকারী স্কুল, কলেজ ও মাদ্রাসায় নতুন শিক্ষক নিয়োগের ক্ষেত্রে জটিলতা দেখা দিয়েছে। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক শিক্ষক নিয়োগের ক্ষেত্রে নতুন পরিপত্র জারির পর একজন শিক্ষকের আবেদনের প্রেক্ষিতে হাইকোর্ট বিভাগ এই পরিপত্রের কার্যকারিতা স্থগিত ঘোষণা করে। এরপর ১০ জুন শিক্ষা মন্ত্রণালয় থেকে শিক্ষা সচিব স্বাক্ষরিত ৩ লাইনের একটি আদেশ জারি করা হয়। কিন্তু গতকাল পর্যন্ত দেশের অনেক শিক্ষা প্রতিষ্ঠানের দায়িত্বশীল কর্মকর্তারা এ ব্যাপারে কিছুই জানতে পারেননি। গোসাইবাড়ি, ধুনট, বগুড়া থেকে একজন অধ্যক্ষ ইত্তেফাকে টেলিফোনে জানতে চেয়েছেন হাইকোর্টের (১৯শ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## আবার জটিলতায়

(শেষ পৃঃ পর)

রায়ের প্রেক্ষিতে শিক্ষক নিয়োগের নতুন আদেশ স্থগিত করা হয়েছে। তাহলে কি এখন থেকে পূর্বের নিয়মে অর্থাৎ ম্যানেজিং কমিটির নেতৃত্বে শিক্ষক নিয়োগ করা যাবে? এ ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয়ের একজন কর্মকর্তার মন্তব্য- নতুন নিয়ম স্থগিত হলে পুরনো নিয়ম আবার চালু হবে-এটাই স্বাভাবিক। কাজেই শিক্ষা মন্ত্রণালয়ের নতুন আদেশের ক্ষেত্রে অস্পষ্টতা থাকার কথা নয়।

খোঁজ নিয়ে দেখা গেছে, আগের নিয়মে শিক্ষক নিয়োগের সুযোগ বলবৎ করা হলেও প্রশাসনিক ক্ষেত্রে তেমন সহযোগিতা মিলছে না। বিদ্যমান ধারায় ম্যানেজিং কমিটি শিক্ষক নিয়োগ করলেও শিক্ষকদের এমপিওভুক্তির ক্ষেত্রে মূল দায়িত্ব পালন করে শিক্ষা মন্ত্রণালয় ও শিক্ষা অধিদপ্তর। এই বাস্তবতায় একটি গুজব ছড়ানো হয়েছে। গুজবটি হল- যেহেতু শিক্ষা মন্ত্রণালয় শিক্ষক নিয়োগের ক্ষেত্রে নতুন চিন্তা-ভাবনা শুরু করেছিল সেহেতু পুরনো নিয়মে শিক্ষক নিয়োগ করলে এমপিও-ভুক্তির ক্ষেত্রে বিড়ম্বনা পোহাতে হবে। এই গুজবকে কেন্দ্র করে এক ধরনের অস্থিরতায় ঘুরপাক খাচ্ছে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক নিয়োগ প্রক্রিয়া। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক নিয়োগের জন্য দরখাস্ত আহবান করার পরও এক্ষেত্রে অস্পষ্টতার কারণে কোন সিদ্ধান্ত নিতে পারছে না।